দৈনিক DAINIK DESTINY ডেসটিনি
পথ অনেক আমরা সত্যের পথে
ঢাকা, রোববার, ১১ ডিসেম্বর ২০১১, ২৭ অগ্রহায়ণ ১৪১৮, ১৫ মহরম ১৪৩৩ হিজরী

দ্বিতীয়বারের মতো শুরু হচ্ছে বাংলাদেশ ফিজিক্স অলিম্পিয়াড ২০১২

শাহিন রহমান

দ্বিতীয়বারের মতো শুরু হচ্ছে বাংলাদেশ ফিজিক্স অলিম্পিয়াড-২০১২। দেশের শিক্ষার্থীদের পদার্থ বিজ্ঞানে মেধার প্রতিযোগিতা সৃষ্টির লক্ষ্যে 'বাংলাদেশ পদার্থ বিজ্ঞান অলিম্পিয়াড কমিটি'র আয়োজনে অনুষ্ঠিত হতে যাচ্ছে 'বাংলাদেশ ফিজিক্স অলিম্পিয়াড-২০১২'। দেশের স্কুল, কলেজ ও প্রাক বিশ্ববিদ্যালয় পর্যায়ের শিক্ষার্থীদের নিয়ে আয়োজিত এ আয়োজনে পদার্থবিদ্যা বিষয়ে বিভিন্ন রাউন্ডে পরীক্ষা, কুইজ প্রতিযোগিতা, প্রতিবেদন ও প্রজেক্ট উপস্থাপন, সেমিনার, ভিডিও শো প্রভৃতি। এই প্রথমবারের মতো দেশের ৭টি বিভাগে এ অলিম্পিয়াডের আয়োজন করা হচ্ছে। আগামী জানুয়ারি মাসে বিভাগীয় পর্যায়ে এবং বিজয়ীদের নিয়ে ফেব্রুয়ারিতে ঢাকার নর্থ সাউথ ইউনিভার্সিটিতে অনুষ্ঠিত হবে জাতীয় পর্যায়ের অলিম্পিয়াড। এরপর বাংলাদেশ থেকে বিজয়ী ৫ জন শিক্ষার্থী জুলাই, ২০১২ সালে আন্তর্জাতিক পর্যায়ে এস্তোনিয়ায় অনুষ্ঠিতব্য 'ইন্টারন্যাশনাল ফিজিক্স অলিম্পিয়াড ২০১২' এ অংশগ্রহণ করবে। ইন্টারন্যাশনাল ফিজিক্স অলিম্পিয়াড কমিটি বাংলাদেশকে অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানিয়েছে।

গত ৯ শুক্রবার জাতীয় প্রেসক্লাবের হলরুমে আয়োজিত এক সংবাদ সম্মেলনে ফিজিক্স অলিম্পিয়াডের বিস্তারিত দিক তুলে ধরেন_ ঢাকা বিশ্ববিদ্যালয়ের পদার্থবিদ্যা বিভাগের অধ্যাপক ও বাংলাদেশ ফিজিক্স অলিম্পিয়াড কমিটির সভাপতি ড. খোরশেদ আহমেদ কবির, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার বিজ্ঞান বিভাগের অধ্যাপক ও ফিজিক্স অলিম্পিয়াডের সহ-সভাপতি ড. মুহম্মদ জাফর ইকবাল। এতে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন_ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের পদার্থবিদ্যা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ইয়াসমিন হক, ঢাকা বিশ্ববিদ্যালয়ের পদার্থবিদ্যা বিভাগের অধ্যাপক ও ফিজিক্স অলিম্পিয়াডের কোচ ড. আরশাদ মোমেন, অলিম্পিয়াড কমিটির সাধারণ সম্পাদক ফয়েজ আহাম্মদ জাহাঙ্গীর মাসুদ, অধ্যাপক ড. জাহিদ হাসান মাহমুদ, বুয়েটের শিক্ষক ড. ফারসিম মান্নান মোহাম্মদী, কমিটির সদস্য আফরোজ আল মামুন প্রমুখ।

অনুষ্ঠানে জানানো হয়_ দেশের স্কুল, কলেজ ও প্রাক বিশ্ববিদ্যালয় পর্যায়ের শিক্ষার্থীরা এতে অংশ নিতে পারবে। ফিজিক্স অলিম্পিয়াডে অংশ নিতে ইচ্ছুকরা এসএমএসের মাধ্যমে রেজিস্ট্রেশন করতে পারবে। আগ্রহী প্রতিযোগীরা নিজের নাম, জন্ম তারিখ, স্কুলের নাম, শ্রেণী ও যোগাযোগের নম্বর এসএমএস করলে আয়োজক কমিটি তাদের মধ্য থেকে বিভাগীয় পর্যায়ে অংশগ্রহণের জন্য প্রথম ৭৫০ জনকে আমন্ত্রণ জানাবে। এসএমএস পাঠানোর নিয়ম হল_ ঋষষ হধসব<ংঢ়ধপব>উঙই(ফফ/সস/ুুু)ঈষধংং<ংঢ়ধপব>পড়হঃধপঃ হড়. লিখে ০১৭৫৪২৯০১০০ (চট্রগ্রাম), ০১৮৩৩০৭২২৭২ (রংপুর), ০১৫৫২৪৯৭৭৮৪ (সিলেট), ০১৭২২৯৯৪৬৭৭ (ঢাকা) নম্বরে এসএমএস পাঠাতে হবে। বিস্তারিত জানা যাবে িি.িনফড়যড়.ড়ৎম সাইটে।

আপনার মতামত দিন

মতামত দিতে চাইলে অনুগ্রহ করে সাইনইন করুন
* আপনার কোন একাউন্ট না থাকলে রেজিস্ট্রেশন করুন

ছবি ঘর

Search

আজকের পাঠকসংখ্যা - ২৮১৭২

ঢাকা
তাপমাত্রা : ৩৩° সেলসিয়াস

বাংলা পড়তে অসুবিধা হলে এখানে ক্লিক করে ফন্টটি ডাউনলোড করে নিন

ডেসটিনি অনলাইনে বিজ্ঞাপন দিন

পুরনো কথা নতুন অজুহাত
শাহরুখের উপহার
শারমিনদের হারাতে চাই না

মুদ্রাবাজার

মুদ্রা	ক্রয়	বিক্রয়
ইউএস ডলার	৭৯.৪	৮০.৪
পাউন্ড স্ট্যার্লি	১২৩.৩২	১২৭.২
ইউরো	১০৬.০৫	১০৯.৯২
ইয়েন	১.০২	১.০৯
সৌদি রিয়াল	২১.১২	২১.৪৪
কানাডিয়ান ডলার	৭৮.৬৭	৮০.৪৭
অস্ট্রেলিয়ান ডলার	৮১.৪৭	৮২.৯৩
মালয়েশিয়ান রিঙ্গিত	২৫.৪৩	২৫.৭

পুরোনো সংখ্যা

ডিসেম্বর ২০১১

শনি	রবি	সোম	মঙ্গল	বুধ	বৃহ	শুক্র
					০১	০২
০৩	০৪	০৫	০৬	০৭	০৮	০৯
১০	১১	১২	১৩	১৪	১৫	১৬
১৭	১৮	১৯	২০	২১	২২	২৩
২৪	২৫	২৬	২৭	২৮	২৯	৩০
৩১						

শ্রেণীবদ্ধ বিজ্ঞাপন

সকল ফিচার

শঙ্খমালা কর্ণফুলী চাঁদের হাসি বহির্বিশ্ব নিত্য আইটি

হোম | প্রথম পাতা | খবর | নগর-মহানগর | আন্তর্জাতিক | শিল্প-বাণিজ্য | সম্পাদকীয় | খেলা | শ্যামল বাংলা | এক মুহূর্ত | আজ আনন্দ | শেষের পাতা | ডেসটিনি নিউজ | অন্যস্বর

RSS

সম্পাদক: মোহাম্মদ রফিকুল আমীন। সম্পাদক কর্তৃক ১৪৬ মতিঝিল বাণিজ্যিক এলাকা (৪র্থ তলা), ঢাকা-১০০০ থেকে প্রকাশিত ও ডেসটিনি প্রিন্টিং প্রেস ১৩/২/এ কেএম দাস লেন, গোপীবাগ, ঢাকা-১০০০ থেকে মুদ্রিত।
যোগাযোগ: আলীগড় হাউস, ১৪৬ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০। ফোন: ৭১৭৪৭০২, ৯৫৫৯৯৪৯, ৯৫৫৯০০৬, ৯৫৬৯৭৯৮, ফ্যাক্স: ০৮৮-০২-৭১৬৮২৭৪, ৭১৭০২৮০, ওয়েবসাইট-www.dainikdestiny.com,
e-mail: destinyout@yahoo.com, info@dainikdestiny.com

Expand
nextprevious
Close
Previous
0/0
Next